কালের কণ্ঠ

তারিখ · 2·5·NOV·2017
পৃষ্ঠা ···৬··· কলাম···৮···

ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস গ্লোবাল অ্যাওয়ার্ড প্রাপ্তি

# শিক্ষামন্ত্রীকে অভ্যর্থনা

**নিজস্ব প্রতিবেদক ▷**

শিক্ষা ক্ষেত্রে অসামান্য অবদান ও নেতৃত্বের জন্য ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস গ্লোবাল অ্যাওয়ার্ড পাওয়ায় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদকে অভ্যর্থনা জানিয়েছেন শিক্ষা মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তারা। গতকাল শুক্রবার সকালে দেশে ফিরলে শিক্ষামন্ত্রীকে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ফুল দিয়ে শুভেচ্ছা জানান শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব সোহরাব হোসাইন, কারিগরি ও মাদরাসা বিভাগের সচিব মোহাম্মদ আলমগীর।

সেখানে মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তা ও শিক্ষা মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন দপ্তর ও সংস্থার প্রধানরাও উপস্থিত ছিলেন।

এ সময় শিক্ষামন্ত্রী বলেন, 'এ পুরস্কার আমার একার অর্জন নয়। সমগ্র শিক্ষা পরিবারের কাজের স্বীকতি। নারী শিক্ষায় অগ্রগতি, শিক্ষায় তথ্য-প্রযুক্তির ব্যবহার এবং ২০০৯ সাল থেকে বাংলাদেশের শিক্ষা ক্ষেত্রে যে পরিবর্তন হয়েছে, তা বিশ্ববাসীর দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিক্ষাকে এগিয়ে নেওয়ার জন্য যে চেষ্টা ও উদ্যোগ গ্রহণ করেছেন, তার ফলেই এটা সম্ভব হয়েছে।' তিনি বলেন, শিক্ষা ক্ষেত্রে নতুন নতুন পদ্ধতি গ্রহণ করে কাজ করার অনেক সুযোগ রয়েছে।

উল্লেখ্য, শিক্ষামন্ত্রী গত বৃহস্পতিবার ভারতের মুম্বাইয়ের তাজ হোটেলে ষষ্ঠ ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেসে এ পুরস্কার গ্রহণ করেন।